মেহেরপুরে ক্রয়কৃত জমি দখল চেষ্টার প্রতিবাদে সংবাদ সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামে ক্রয়কৃত জমির ফসল কর্তন, জমি দখলে বাঁধা প্রদান এবং হত্যার হুমকির অভিযোগ উঠেছে একই এলাকার কদর ও তার সহযোগী জাইদুল ও ছাকাতের বিরুদ্ধে। যার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভূগী ইস্তাদুল হক।

গতকাল শুক্রবার বেলা ১১টার দিকে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে ইস্তাদুল হক তার লিখিত বক্তব্যে বলেন, মেহেরপুর কালেক্টরীর অধীন ১৯ নং দক্ষিণ শালিকা মৌজার অন্তর্গত আরএস ২৫৯৯ দাগের ৪২ শতক ও আরএস-৩১০৬ দাগের ৩২ শতক জমি আরএস- ৬৬০ খতিয়ানে এবং আরএস-৩০৭২ দাগে ২০ শতক আরএস- ৪৬০ নং খতিয়ানে জমির মালিক তাহাজ উদ্দিন সেখ। তাহাজ উদ্দিন সেখ মারা গেলে তার মেয়ে ছায়রা খাতুন, আমিরন নেছা ও ছেলে আক্তারুল ওয়ারিশ সূত্রে ওই জমির মালিক এবং দখলদার ছিলেন। অর্থের বিশেষ প্রয়োজন হলে তাদের অংশের জমি বিক্রয় করার জন্য বিভিন্ন জায়গায় যোগাযোগ শুরু করেন। ওই জমি ক্রয় করতে ইস্তাদুল হক আগ্রহ প্রকাশ করেন। পরে ২০১৪ সালের ২২ অক্টোবর ৫৯৫৬/১৪ নং রেজিষ্টি কবলা দলিল মূলে আরএস ২৫৯৯ দাগের ৪২ শতক জমির মধ্যে ১৬.৫০ শতক এবং আরএস ৩১০৬ দাগের ৩২ শতক জমির মধ্যে ১৩.৫০ শতক এবং আরএস ৩০৭২ দাগের ২০ শতক জমির মধ্যে ১০ শতক মোট-৪০ শতক জমি ইস্তাদুল হক ক্রয় করেন। জমি ক্রয়ের পর থেকে দীর্ঘ ১২ বছরেরও বেশি সময় ধরে ইস্তাদুল হক ওই জমিতে বিভিন্ন ফসল চাষ-আবাদ করে আসছেন। বর্তমানে ওই জমিতে গম ও কলার আবাদও করেছেন ইস্তাদুল হক।

তবে দীর্ঘ বছর পর ক্রয়কৃত ওই জমি নিজেদের শরীক দাবি করে কদর আলী ও তার ভাড়াটিয়া জাইদুল এবং ছাকাত ওই জমি দখলের চেষ্টা চালিয়ে যাচ্ছে। জমি নিয়ে ইতিপূর্বে কদর আলী মেহেরপুর যুগ্ম জেলা জজ ১ম আদালতে ২০১৩ সালে একটি মামলা দায়ের করে। যার মামলা নং মেহেরপুর দেং- ৮৩/২০১৩। ২০১৭ সালের ২২ আগষ্ট চূড়ান্ত শুনানীতে মামলাটি খারিজ করে দেয় আদালত।

মামলাটি খারিজের পর ২০২৫ সালের ৭ নভেম্বর কিটনাশক স্প্রে করে গম এবং গত ৬ জানুয়ারি জমির সমস্ত কলা গাছ কেটে তছরুপও করে। এছাড়াও বর্তমানে প্রকাশ্যে ইস্তাদুল হককে হত্যা এবং জমি দখল করার হুমকি দিচ্ছে তারা। বর্তমানে ইস্তাদুল হকের দায়ের করা একটি মামলা সহকারী জজ আদালতে চলমান রয়েছে। যার মামলা নং মেহেরপুর দেং- ৩৩/২৬।

ইস্তাদুল হক বর্তমানে নিরাপত্তা হীনতায় ভুগছেন এবং তিনি প্রশাসনের নিকট সু-বিচার দাবি করেছেন।

মেহেরপুরে ইসলামী ছাত্র শিবিরের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বর্ণাঢ্য আয়োজনে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে এক জমকালো র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ আসর কোর্ট মোড় এলাকা থেকে শুরু হওয়া বর্ণাঢ্য র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কলেজ মোড়ে এসে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। র্যালিতে শিবিরের নেতাকর্মীদের পাশাপাশি বিপুল সংখ্যক সাধারণ ছাত্র ও যুবক অংশগ্রহণ করেন, যা পুরো এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

সমাবেশে বক্তারা বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের প্রতিষ্ঠার ঐতিহাসিক গুরুত্ব, সংগঠনের আদর্শিক লড়াই-সংগ্রাম এবং দেশের ছাত্রসমাজের মধ্যে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠার অঙ্গীকার তুলে ধরেন। তারা বলেন, বিগত সময়ের নির্যাতন ও নিপীড়ন সত্ত্বেও শিবিরের নেতাকর্মীরা অটুট দৃঢ়তা ও ত্যাগের মাধ্যমে সংগঠনকে আরও শক্তিশালী ও জনপ্রিয় করে তুলেছে। বক্তারা দেশের যুবসমাজকে ইসলামী আদর্শে উজ্জীবিত হয়ে দেশগঠনে সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান।

র্যালি ও সমাবেশে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দীন খান। এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিবিরের সভাপতি আব্দুস সালাম, সেক্রেটারি সাইদুর ইসলাম, সাবেক সভাপতি সোহেল রানা ডলার, ইকবাল হুসাইন, শাকিল হোসেন সাব্বির, আবু সাঈদ সম্রাট, মেহেদী হাসান, সাখাওয়াত হোসেন, শহর সভাপতি আবু রায়হান, সেক্রেটারি হাসানুজ্জামান, গাংনী শিবির সভাপতি শিহাব ইসলাম, সেক্রেটারি আল জাবির মুজিব সভাপতি শিশির ইমরান, সেক্রেটারি রাসেল মাহমুদ, সদর পূর্ব সভাপতি আলমগীর হোসেন, সদর পশ্চিম সভাপতি হাবিবুর রহমান, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রশিবির সভাপতি কামরুল ইসলাম নাহিদসহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ।

এই কর্মসূচির মাধ্যমে মেহেরপুর জেলা শিবিরের নেতৃত্ব তাদের সাংগঠনিক শক্তি ও জনপ্রিয়তার প্রতিফলন ঘটিয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। নেতারা জানান, আগামী দিনগুলোতে আরও ব্যাপক কর্মসূচির মাধ্যমে ছাত্রসমাজকে ইসলামী আদর্শে উদ্বুদ্ধ করার কার্যক্রম অব্যাহত থাকবে।

মেহেরপুরের বুড়িপোতায় ধানের শীষের পক্ষে ছাত্রদলের লিফলেট বিতরণ

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর ২নং ওয়ার্ডে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে ধানের শীষের পক্ষে লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে জেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক লিজন আলীর নেতৃত্বে এই লিফলেট বিতরণ কার্যক্রম পরিচালিত হয়। এসময় বুড়িপোতা ইউনিয়ন ছাত্রদলের নেতাকর্মীরা এলাকার সাধারণ মানুষের মাঝে ধানের শীষ প্রতীকের পক্ষে প্রচারণা চালান।

কর্মসূচিতে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক লিজন আহম্মেদ, জজ কোর্টের সাবেক পিপি সাইদুর রাজ্জাক টোটন, সাবেক

ইউপি সদস্য আসেদ আলী, বকুল মাস্টার, ওয়াসিম, বিপুল রানা, সুফিয়ান, শ্রাবণ, রাব্বিসহ বুড়িপোতা ইউনিয়ন ছাত্রদলের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ।

এ সময় বক্তারা বলেন, গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠায় ধানের শীষের কোনো বিকল্প নেই। তারা আসন্ন নির্বাচনে ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুরে সবজির বাজার স্থিতিশীল, কাঁচা মরিচ ঊর্ধ্বমুখী

মেহেরপুর কাঁচাবাজারে গত সপ্তাহ ও এই সপ্তাহে সবজির দাম স্থিতিশীল। তবে কাঁচা মরিচের দাম একটু বাড়তি লক্ষ্য করা গিয়েছে।

পাইকারি বাজারে আলু ১৫ টাকায় অপরিবর্তিত, পেয়াজের দাম কমে ২৫-৩০ টাকায়, রসুন মান অনুযায়ী ৩০ থেকে ৬০ টাকা পর্যন্ত, কাচা মরিচ ৭৮ টাকা থেকে বেড়ে ৯৫ টাকা, আদা ১০ টাকা বেরে ১৪০ টাকা।

বেগুন ৩০ টাকা স্থিতিশীল, শিম ও মূলা ২০ ও ৪০ টাকায় স্থিতিশীল, পটল ১৩৫ টাকায় অপরিবর্তিত, টমেটো ও শশা ৩০ ও ৬০ টাকায় স্থিতিশীল, পেঁপে ২০ টাকায় বিক্রি হয়েছে।

শীতকালীন সবজির মধ্যে ফুলকপি ২০ টাকা কেজি, বাধাকপি ১২ টাকা কেজি ও পালংশাক ১৫ কেজিতে বিক্রি হচ্ছে।

খুচরা বাজারে আলু ২০ টাকায় অপরিবর্তিত, পেয়াজের ৪০ টাকায়, রসুন মান অনুযায়ী ৪০ থেকে ৮০ টাকা পর্যন্ত, কাচা মরিচের দাম বেড়ে ১২০ টাকা, আদা ১৬০ টাকা।

বেগুন ৪০ টাকা, শিম ও মূলা ২০ ও ৪০ টাকায়, পটল ১৬০ টাকায়, টমেটো ও শশা ৪০ ও ৮০ টাকায়, পেঁপে ২৫ টাকায় স্থিতিশীল থেকে বিক্রি হয়েছে।

শীতকালীন সবজির মধ্যে ফুলকপি ৩০ টাকা কেজি, বাধাকপি ২০ টাকা কেজি ও পালংশাক ২০ কেজিতে স্থিতিশীল থেকে বিক্রি হচ্ছে।

গতকাল শুক্রবার মাছের বাজার রুই ৩৫০টাকা, তেলাপিয়া ১৮০ টাকা, পাঙাস ১৫০ টাকা, সিলভার ১৮০ টাকা, জিওল ৩৫০ টাকা, ইলিশ ১০০০ টাকা, হরিনা চিংড়ী ৯০০ টাকা,গলদা চিংড়ী ৮০০ টাকা, দেশি চিংড়ী ১০০০ টাকা কেজিতে বিক্রি হয়েছে।

মুরগীর বাজারে ব্রয়লার মুরগি ১৮০, সোনালি মুরগি ২৮০ টাকা, লেয়ার মুরগি ২৮০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে৷ ছাগলের মাংস ১১০০ টাকায় এবং গরুর মাংস ৭৫০ টাকায় অপরিবর্তিত।

তহ-বাজার সভাপতি হাফিজুর রহমান বলেন, গত কয়েক সপ্তাহ কাঁচাবাজার পুরোপুরি আমাদের নিয়ন্ত্রণে। সব ধরনের সবজির দাম স্বাভাবিক রয়েছে। শুধু কাঁচা মরিচের দাম বেশি যার একমাত্র কারন এসময় আমাদের এলাকায় কাঁচা মরিচ হয় না আমদানি করতে হয়।

নির্বাচনকে সামনে রেখে কাঁচাবাজারে কোন প্রভাব পরেছে কিনা এমন প্রশ্ন করলে তিনি বলেন, এই কয়দিন কোন প্রভাব পড়েনি আর সামনে প্রভাব পড়বে বলে আমার মনে হয় না। আমাদের মেহেরপুর অত্যন্ত ছোট জেলা শুধু নির্বাচনের দিন কাঁচামাল আমদানি হয় না নির্বাচনের আগের দিন এবং পরের দিন স্বাভাবিকভাবে আমদানি হবে বলে আমি মনে করি। তাছাড়া নির্বাচন কেন্দ্রিক যদি কোন অঘটন ঘটে সেটা আলাদা ব্যাপার।

মেহেরপুরে দুটি ওয়ার্ডে মহিলা সমাবেশ

মেহেরপুর-১ আসনের বিএনপি মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী মাসুদ অরুনকে বিজয়ী করার লক্ষ্যে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে ৫নং ওয়ার্ডের চক্রপাড়া ও ৪ নং ওয়ার্ডের হঠাৎপাড়া মোড়ে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়ন, মেহেরপুর পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি, যুগ্ম আহবায়ক শিমুল বিশ্বাস।

এসময় ৪ ও ৫ নং ওয়ার্ডের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন৷

অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিতে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার সাংবাদিকদের জন্য প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) কর্তৃক ‘নির্বাচনকালীন সাংবাদিকতা’ বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

প্রশিক্ষণের উদ্বোধন হয় গত বুধবার সকালে চুয়াডাঙ্গা সার্কিট হাউস অডিটরিয়ামে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, প্রশিক্ষণ কো-অর্ডিনেটর সাহানোয়ার সাইদ শাহীন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি নাজমুল হক স্বপন।

বিশেষ অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শাহ আলম সনি, বাংলাদেশ সাংবাদিক সমিতির চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সভাপতি অ্যাডভোকেট রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক হুসাইন মালিক, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম ও সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

প্রশিক্ষণে চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন গণমাধ্যমে কর্মরত প্রায় ৫০ জন সাংবাদিক অংশগ্রহণ করেন। উদ্বোধনী দিনে ইউল্যাবের শিক্ষক ও সাংবাদিক নাজিয়া আফরিন মনামী নির্বাচনী সাংবাদিকতার বিভিন্ন দিক তুলে ধরেন। আলোচনার মধ্যে ছিল নির্বাচনকালীন আচরণবিধি, সংবাদ সংগ্রহে নিরাপত্তা, ভুয়া তথ্য

ও গুজব প্রতিরোধ, রাজনৈতিক দলের সমান গুরুত্ব প্রদান এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে দায়বদ্ধ প্রতিবেদন প্রণয়নের বিষয়।

কর্মশালার দ্বিতীয় দিনে অর্থাৎ সমাপনী অধিবেশনে প্রশিক্ষক ছিলেন, ঢাকা মেইলের নির্বাহী সম্পাদক হারুন জামিল।

প্রশিক্ষণ প্রদানকালে তিনি বলেন, বর্তমান সময়ে তথ্যপ্রযুক্তির কারণে গুজব দ্রুত ছড়ায়। জনগণ সত্য জানতে গণমাধ্যমের দিকে তাকায়। এই আস্থার মর্যাদা রক্ষার জন্য সাংবাদিকদের প্রতিটি সংবাদ যথাযথভাবে যাচাই-বাছাই করা জরুরি। বিশেষ করে নির্বাচনকালীন সময়ে ভুল সংবাদ বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে। তাই নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতা চর্চা করতে হবে।

চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বলেন, আমরা একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে চাই। ভোটাররা উৎসবমুখর পরিবেশে ভোট দিবেন এবং অনিয়ম বা জাল ভোটের ক্ষেত্রে প্রশাসন জিরো টলারেন্স নীতি অনুসরণ করবে।

জেলা প্রশাসক আরও বলেন, চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন আরও বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম। তারা দায়িত্বশীল ও নিরপেক্ষ সংবাদ পরিবেশনের মাধ্যমে দেশবাসীর কাছে সঠিক তথ্য পৌঁছে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

দুই দিনের প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী সাংবাদিকদের হাতে পিআইবি’র পক্ষ থেকে সনদপত্র প্রদান করা হয়।

গাংনীতে অবৈধ পথে আসা সাড়ে ৫শ কেজি জিরা উদ্ধার

মেহেরপুরের গাংনীতে অবৈধভাবে পাচার হয়ে আসা সাড়ে ৫শ কেজি জিরা

উদ্ধার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার সকাল ৭টার দিকে গাংনী উপজেলার ব্রজপুর গ্রামের সড়ক থেকে বস্তাবোঝাই এসব জিরা উদ্ধার করে ভবানীপুর পুলিশ ক্যাম্প।

গাংনীর ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আব্দুল করিম জানান, ভারতীয় পণ্য পাচার হয়ে দেশের অভ্যন্তরে প্রবেশ করছে এমন সংবাদের ভিত্তিতে উপজেলার রামনগর-ব্রজপুর সড়কে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় সড়কে বস্তাবোঝাই করে আসা একটি শ্যালোইঞ্জিনচালিত আলগামন থামানো হয়। পরে গাড়িটির বস্তা খুলে বিপুল পরিমাণ জিরা উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, উদ্ধারকৃত সাড়ে ৫শ কেজি জিরাসহ অবৈধ পণ্য বহনের দায়ে চালক ও গাড়িটি হেফাজতে নেওয়া হয়েছে। মামলা শেষে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে নিঃসন্তান গৃহবধূকে ধর্ষণ, কবিরাজের যাবজ্জীবন

মেহেরপুরে নিঃসন্তান এক গৃহবধূকে ধর্ষণের দায়ে মুজা শেখ ওরফে মুজা কবিরাজ (৪৫) নামের এক ব্যক্তিকে সশ্রম যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একইসঙ্গে তাকে ৫০ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে আরও এক বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে।

গত মঙ্গলবার দুপুরে মেহেরপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক আলী মাসুদ শেখ এ রায় ঘোষণা করেন।

দণ্ডপ্রাপ্ত মুজা শেখ মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের শেখপাড়ার মৃত হযরত আলীর ছেলে।

রায় ঘোষণার বিষয়টি নিশ্চিত করে নারী ও শিশু নির্যাতন দমন

ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান তুহিন বলেন, নিঃসন্তান এক গৃহবধূ চিকিৎসা নিতে গিয়ে ধর্ষণের শিকার হন। সাক্ষ্য-প্রমাণ শেষে আদালত এই মামলায় চূড়ান্ত রায় দিয়েছেন। এ রায়ের মাধ্যমে সমাজে ধর্ষণের মতো অপরাধ কমবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মামলার বিবরণে জানা যায়, ২০২১ সালের ৩ মার্চ চুয়াডাঙ্গা জেলার দর্শনা উপজেলার চিতল গ্রামের এক নিঃসন্তান দম্পতি সন্তান লাভের আশায় কবিরাজ মুজা শেখের কাছে চিকিৎসা নিতে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে আসেন। এ সময় কবিরাজ চিকিৎসা দেওয়ার কথা বলে স্বামী-স্ত্রীকে একটি কক্ষে নিয়ে যান। সেখানে ওষুধ দেওয়ার নাম করে স্বামীকে অজ্ঞান করে গৃহবধূকে ধর্ষণ করেন তিনি।

ঘটনার পরদিনই ভুক্তভোগী দম্পতি মেহেরপুর সদর থানায় একটি ধর্ষণ মামলা দায়ের করেন। পুলিশ তদন্ত শেষে ঘটনার সত্যতা পায়।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা ও মেহেরপুর সদর থানার সাবেক ওসি শাহ দারা খান ২০২১ সালের ১৯ নভেম্বর কবিরাজ মুজা শেখকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল করেন।

দীর্ঘ শুনানি ও সাক্ষ্যগ্রহণ শেষে অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত অভিযুক্তকে সশ্রম যাবজ্জীবন কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করেন। রায় ঘোষণার সময় রাষ্ট্রপক্ষের আইনজীবী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান তুহিন এবং আসামিপক্ষের আইনজীবী অ্যাডভোকেট মিয়াজান আদালতে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ডাকাত দলের আক্রমণ, দুই নারীসহ আহত ৪

মেহেরপুর-মুজিবনগর সড়কের পিটিআই ও নতুনগ্রামের মাঝামাঝি স্থানে ডাকাতির ঘটনা ঘটেছে। এসময় সংঘবদ্ধ ডাকাত দলের হামলায় শিশু সহ ৫ জন আহত হয়েছে।

আহতরা হলো-আব্দুর রশিদ (৩০), সোহানি জামান (২৭), উবসন (৪০), ৩ বছরের শিশু আয়ান ও অটোচালক রাজা মিয়া (৩৭)। আহতদের মধ্যে ২জন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছে। বাকীরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছে। বুধবার দিনগত রাত ১টার দিকে এ ঘটনা ঘটে।

আহতরা জানায়, মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রাম থেকে রাতে আব্দুর রশিদের স্ত্রী সোহানি জামানকে নিয়ে অটোরিক্সাতে করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে আসছিল পরিবারের সদস্যরা। রাস্তায় আসার সময় পিটিআই ও নতুনগ্রামের মাঝামাঝি স্থানে এসে পৌছালে সেখানে এক দল ডাকাত রাস্তায় গাছ ফেলে অটোরিকশার গতি রোধ করে।

পরে অটোরিক্সাতে থাকা সকলকে মারধর করে মহিলাদের কাছে থেকে কানের দুল, ২টা মোবাইল এবং নগদ কিছু টাকা ছিনিয়ে নেয় এবং আটোচালক ও আরো একজন রোগির স্বজনকে মারধর করে যখম করে।

এসময় মুজিবনগর থেকে যাত্রী নামিয়ে দিয়ে আসা জে আর পরিবহনের একটি বাস তাদেরকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে। আহত আব্দুর রশিদ ও অটোরিক্সা চালক রাজা মিয়া বর্তমানে মেহেরপুর ২৫০ বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি আছে।

মেহেরপুর সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা হুমায়ুন কবি জানান এ ঘটনায় পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছে। আসামিদের ধরতে অভিযান চলছে।

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার সাংবাদিকদের নিয়ে দুইদিনব্যাপী নির্বাচনকালীন প্রশিক্ষণ

আসন্ন ত্রয়োদশ নির্বাচনে রিপোর্টিং বিষয়ে চুয়াডাঙ্গায় দুইদিনব্যাপী নির্বাচনকালীন সাংবাদিকতা বিষয়ক প্রশিক্ষণ শুরু